

নয়া দিগন্ত

ঢাকা, মঙ্গলবার ১ কার্তিক ১৪২৫, ১৬ অক্টোবর ২০১৮
news@dailynayadiganta.com



জ্বালানি গবেষণার জন্য ইউআইইউকে ৪ কোটি টাকার অনুদান

'ডিমান্ড রেসপন্স এনার্জি স্মার্ট গ্রিড' শীর্ষক গবেষণার জন্য প্রায় চার কোটি টাকার গবেষণা অনুদান পেয়েছে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির জ্বালানি গবেষণা কেন্দ্র। কেন্দ্রের পরিচালক এবং গবেষণা প্রকল্পের টিম লিডার ও প্রধান গবেষক শাহরিয়ার আহমেদ চৌধুরীর কাছে অনুদান হস্তান্তর করেন জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কেন্দ্রের চেয়ারম্যান শাহিন আহমেদ। ৯ অক্টোবর রাজধানীর বিদ্যুৎ ভবনের বিজয় হলে গবেষণা অনুদান চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। ২০১৫ সালে বিদ্যুৎ ও জ্বালানি গবেষণা কাউন্সিল গঠনের পর এবারই প্রথমবারের মতো কোনো গবেষণা অনুদান প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নসরুল হামিদ, বিদ্যুৎ বিভাগের সচিব ড. আহমেদ কায়কাউস, বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান খালেদ মাহমুদ এবং ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভিপি অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমানসহ বিদ্যুৎ মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন সংস্থার নির্বাহী প্রধানরা। বিজ্ঞপ্তি